# ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে গড়ে তুলুন দূষণমুক্ত পৃথিবী

বিভিন্ন ধরনের পরিবেশ দূষণ বর্তমান যুগে আমাদের সামনে কঠিন সমস্যার সৃষ্টি করেছে। এই পরিস্থিতি কিন্তু একদিনে তৈরি হয়নি। প্রাকৃতিক নিয়মগুলিকে অগ্রাহ্য করে মানুষ আধুনিক জীবনের ক্রমবর্ধমান ও জটিল চাহিদার সামাল দিতে নানাভাবে প্রকৃতির কাজে হস্তক্ষেপ করেছে। উন্নততর জীবনযাত্রার প্রয়োজনে মাটি, জল, অরণ্য ও খনিজ সম্পদকে অবাধে মানুষ ব্যবহার করেছে, অতি ব্যবহারের ফলে যে ক্ষতি তা পূরণের ব্যবস্থা না করেই। ফলশ্রুতি হিসাবে এই গ্রহে আমাদের অস্তিত্ব আজ বিপন্ন।

অবাধ বৃক্ষচ্ছেদন, কলকারখানার বর্জ্য পদার্থ ঢেলে নদীর নির্মল স্রোতকে রুদ্ধ করা, যানবাহন ও কারখানা থেকে নিঃসৃত বিষাক্ত গ্যাস এবং ধোঁয়া ও কর্কশ উচ্চগ্রামের শব্দ আমাদের পরিবেশ দূষণের শিকার করে তুলেছে।

কিন্তু আমরা কি সম্ভাব্য এই বিপদ সম্বন্ধে অবহিত?

যদি এই অবস্থা চলতে থাকে তাহলে অচিরেই পৃথিবী থেকে অরণ্য লুপ্ত হয়ে যাবে, খরা এবং বন্যার কবলে পড়বে পৃথিবী, প্রাণী ও উদ্ভিদ জগতের অসংখ্য প্রজাতি চিরদিনের মত বিলুপ্ত হবে, আমাদের এই সুন্দর গ্রহের বাতাস হয়ে পড়বে নিঃশ্বাস নেবার অযোগ্য এবং এ সমস্তই ঘটবে আমাদের অপরিণামদর্শিতা লোভ ও প্রাকৃতিক সম্পদের ক্রমবর্ধমান চাহিদার জন্য।

উন্নয়নমূলক কাজকর্ম আমাদের চালিয়ে যেতে হবে। কিন্তু তা করতে হবে প্রাকৃতিক ভারসাম্যের হানি না ঘটিয়ে নিষেধমূলক আইনের যথাযথ প্রয়োগ এবং আধুনিক প্রযুক্তিবিদ্যার সাহায্যে আমরা এই বিপদের মোকাবিলা করতে পারি।

পরিবেশ সংরক্ষণের কাজে ব্রতী হতে হবে আমাদের সকলকেই, প্রস্তুত হতে হবে দূষণমুক্ত পৃথিবী গড়ার উদ্দেশ্যে দীর্ঘস্থায়ী সংগ্রামের জন্য।

॥ পশ্চিমবঙ্গ সরকার ॥

(তথ্য) আই. সি. এ.

# আপনি কি জানেন ?

১) ভিডিও ক্যাসেটের প্রকাশ্য প্রদর্শনীর জন্য ওয়েস্ট বেঙ্গল সিনেমাস (প্রকাশ্য প্রদর্শন নিয়ন্ত্রণ) রুলস্‌-এর বিধান অনুযায়ী যথাযোগ্য কর্তৃপক্ষের থেকে লাইসেন্স নেওয়া আবশ্যক। ২) ভিডিও ক্যাসেটের প্রকাশ্য প্রদর্শনীর জন্য সেন্ট্রাল বোর্ড অব্‌ ফিল্ম সার্টিফিকেশনের থেকে প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণ আবশ্যক। এমন কি ভিডিও ফিল্মটি সেন্ট্রাল বোর্ড অব্‌ ফিল্ম সার্টিফিকেশনের থেকে প্রয়োজনীয় ছাড়পত্র-প্রাপ্ত সেলুলয়েডে ধরা চলচ্চিত্রের প্রতিরূপ। হুবহু নকল হলেও সেক্ষেত্রে একটি নতুন আবেদন পত্র জমা করে উক্ত বোর্ড থেকে দ্বিতীয়বার ছাড়পত্র গ্রহণ করতে হবে। ৩) কপিরাইট আইন, ১৯৫৭-এর বিধান অনুযায়ী যেসব ভিডিও - ফিল্মের ক্ষেত্রে আইনতঃ স্বত্ব গ্রহণ করা হয়নি সেগুলির প্রকাশ্য প্রদর্শন সম্ভব নয়। এ প্রসঙ্গে বলা প্রয়োজন যে বাজারে যেসব ভিডিও ক্যাসেট পাওয়া যাচ্ছে সেগুলির সেলুলয়েডে গৃহীত মূল চলচ্চিত্রের মালিকগণ অধিকাংশক্ষেত্রে শুধুমাত্র বাড়িতে বসে দেখার জন্য ভিডিও ক্যাসেট করার স্বত্ব বিক্রি করেছেন। যেসব ভিডিও ক্যাসেটের প্রকাশ্য প্রদর্শনীর জন্য আইনতঃ স্বত্ব গ্রহণ করা হয়নি সেগুলির প্রকাশ্য প্রদর্শন আইনতঃ দণ্ডনীয়। ৪) তথাকথিত ভিডিও পার্লার/হলগুলি কর্তৃক প্রতি সপ্তাহে প্রদেয় প্রমোদ করের হার দেওয়া হল :—

(ক) কলকাতা ও হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকা—১২০০ টাকা প্রতি সপ্তাহ, (খ) পৌরসভা / প্রজ্ঞাপিত এলাকা—৯০০ টাকা প্রতি সপ্তাহ, (গ) অন্যান্য এলাকা—৬০০ টাকা প্রতি সপ্তাহ। উক্ত বিধানগুলি লঙ্ঘিত হওয়ার কোন ঘটনা আপনার গোচরে এলে স্থানীয় থানায় অনুগ্রহ করে জানান।

**পশ্চিমবঙ্গ সরকার**

আই. সি. এ.

# অশ্লীল ছবির প্রদর্শনের বিরুদ্ধে সোচ্চার হোন

কেন্দ্রীয় সরকার গঠিত বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশনের ছাড়পত্র ছাড়া কোন চলচ্চিত্র জনগণের মধ্যে প্রদর্শন করা যায় না। কোন কোন সিনেমা হাউস ও ভিডিও পার্লারে বৈধ ছাড়পত্র পাওয়া ছবির সঙ্গে উক্ত বোর্ড কর্তৃক বাতিল অংশ বা ভিন্ন কোন অশ্লীল ছবির অংশ বিশেষ বেআইনীভাবে জুড়ে এখন ছাড়পত্রহীন সম্পূর্ণ অশ্লীল ছবি দেখানোর অভিযোগ পাওয়া যাচ্ছে। এর বিরুদ্ধে প্রশাসন আইনানুগ ব্যবস্থা নিচ্ছেন। তবে সেই সঙ্গে প্রয়োজন জনগণের সক্রিয় সহযোগিতা। এই জাতীয় অবৈধ চলচ্চিত্র প্রদর্শনের ঘটনা নজরে পড়লে স্থানীয় থানায় জানান। কলকাতায় ডি· সি· ডি· ডি·, লালবাজার এবং জেলাতে জেলা পুলিশ সুপারিনটেন্ডেন্টের গোচরেও আনুন।

পশ্চিমবঙ্গ সরকার

আই. সি. এ



Rs. Four Only

Editor : SAILEN DASGUPTA
office : Muzaffar Ahmad Bhaban, 31, Alimuddin street,
Calcutta - 700016